

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
২৩-২৪, বিএফডিসি ভবন, কাওয়ান বাজার, ঢাকা-১২১৫  
[www.dife.gov.bd](http://www.dife.gov.bd)

নং- ৪০.০১.০০০০.১০৩.১৫.০০২.১৭-০৯৫

তারিখঃ ২৩ মাঘ' ১৪২৪  
০৫ ফেব্রুয়ারী' ২০১৮

**নিয়োগ বিজ্ঞপ্তি**

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়াদীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সাথে আইএলও এর Improving Working Condition In The RMG Sector Programme (RMG-P) প্রকল্পের অধীন সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদকালের (ডিসেম্বর' ২০১৯ পর্যন্ত) জন্য নিম্নবর্ণিত শূণ্য পদে নিয়োগের লক্ষ্যে উল্লিখিত শর্তে আগ্রহী স্থায়ী বাংলাদেশী নাগরিকগণের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	Engineer (Structural, Fire & Electrical)	০৩ টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে Civil /Machanical/IPE /Electrical এ স্নাতক ডিগ্রি বা সমমানের ডিগ্রি। (খ) সরকারী / বেসরকারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে (অবকাঠামোগত, ডিজাইন, ফায়ার/ইলেকট্রিক) কমপক্ষে ০৪ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
০২	HR and Admin Officer	০১ টি	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রি বা সমমানের ডিগ্রি। (খ) সরকারী / বেসরকারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে (প্রশাসনিক সংক্রান্ত) কমপক্ষে ০২ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
০৩	Data Management Officer	০১ টি	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটার বিজ্ঞান / ইঞ্জিনিয়ারিং, আইটি, এমআইএস/তথ্য ব্যবস্থাপনা বিষয়ে স্নাতক ডিগ্রি বা সমমানের ডিগ্রি। (খ) সরকারী / বেসরকারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে (এমআইএস, তথ্য ব্যবস্থাপনা, ডাটা সিস্টেম, আইটি সংক্রান্ত ইত্যাদি বিষয়ে) কমপক্ষে ০২ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
০৪	Communication Officer	০১ টি	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রি বা সমমানের ডিগ্রি। (খ) সরকারী / বেসরকারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০২ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
০৫	Receptionist	০১ টি	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রি বা সমমানের ডিগ্রি।
০৬	Messenger	০৩ টি	(ক) এসএসসি পাশ বা সমমান পাশ।
০৭	Security Guard	০৩ টি	ক) অষ্টম/এসএসসি পাশ বা সমমান পাশ।
০৮	Cleaner	০১ টি	ক) পঞ্চম/অষ্টম পাশ বা সমমান পাশ।

**শর্তাবলী:**

- আবেদন আগামী ২২.০২.২০১৮ তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে 'মহাপরিদর্শক' কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (৩-৪ তলা), ২৩-২৪ কাওয়ান বাজার, ঢাকা-১২১৫ এর নিকট ডাকযোগে/সরাসরি পৌঁছাতে হবে। খামের উপর আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা দুই (০২) কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর বয়স ২২.০২.২০১৮ তারিখে অনূর্ধ্ব ৪০ বছরের হতে হবে। তবে অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিল যোগ্য।
- নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র প্রেরণের সুবিধার্থে আবেদন পত্রের সাথে নিজের নাম ও ঠিকানা লিখিত দশ (১০) টাকার ডাক টিকেট লাগানো একটি ১০.৫ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি সাইজের ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- আবেদন যাচাই বাছাই এর পর উপযুক্ত প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
- প্রার্থীর নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- প্রার্থীর প্রয়োজনীয় অভিজ্ঞতা:

(ক) এম এস ওয়ার্ড, এম এস এক্সেল ও আই টি সিস্টেম সহ কম্পিউটার অপারেশনে দক্ষ হতে হবে (ক্রমিক নং ০১ থেকে ০৫ এর জন্য প্রযোজ্য)।

(খ) বাংলা ও ইংরেজিতে যে কোনো রিপোর্ট তৈরির দক্ষতা থাকতে হবে (ক্রমিক নং ০১ থেকে ০৫ এর জন্য প্রযোজ্য)।

৭। বেতনঃ আলোচনা সাপেক্ষে।

৮। আবেদনপত্র যাচাই বাছাই পূর্বক মৌখিক পরীক্ষার জন্য নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকেই এই বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



মোঃ সামছুজ্জামান ভূইয়া

(অতিরিক্ত সচিব)

মহাপরিদর্শক

ফোন : ৫৫০১১৩৬২৬

E-mail: [chiefdife@gmail.com](mailto:chiefdife@gmail.com)

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

১) ভারপ্রাপ্ত সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, বাংলাদেশ।

২) প্রোগ্রাম অফিসার, আইএলও আরএমজি প্রকল্প, গুলশান ২, ঢাকা (নিয়োগ বিজ্ঞপ্তিটি আইএলও ওয়েবসাইট এ প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা জন্য অনুরোধ সহ)।

৩) তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা (নিয়োগ বিজ্ঞপ্তিটি দপ্তরের ওয়েবসাইট এ প্রকাশ করার জন্য অনুরোধ সহ)।

৪) বিজ্ঞাপন ব্যবস্থাপক, সমকাল, ১৩৬, তেজগাঁও আই/এ, ঢাকা-১২০৮ (আগামী ০৮.০২.২০১৮ তারিখের মধ্যে ভিতরের পাতায় ৮" X ৬" প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

৫) বিজ্ঞাপন ব্যবস্থাপক, NEWAGE, Holiday building, 30 Tejgoan Industrial Area, Dhaka-1208. (আগামী ০৮.০২.২০১৮ তারিখের মধ্যে ভিতরের পাতায় ৮" X ৬" প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।